



নিরাপত্তা অনিশ্চয়তায় হরমুজ প্রণালীতে জাহাজ চলাচল কম



হরমুজ প্রণালির স্যাটেলাইট মানচিত্র। ছবি: বিবিসি

কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি দিয়ে গত ২৪ ঘণ্টায় মাত্র পাঁচটি জাহাজ চলাচল করেছে। এর মধ্যে ইরানের একটি তেলবাহী ট্যাঙ্কারও রয়েছে। স্বাভাবিক সময়ে এই রুটে প্রতিদিন শতাধিক জাহাজ চলাচল করে, এখন সেই সংখ্যা নাটকীয়ভাবে কমে গেছে। আল জাজিরার প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান ভঙ্গুর যুদ্ধবিরতির কারণে শিপিং খাতে অনিশ্চয়তা তৈরি হয়েছে। যুদ্ধের আগে এই পথ দিয়ে দৈনিক গড়ে প্রায় ১৪০টি জাহাজ যাতায়াত করত।

বিআইএমসিওর নিরাপত্তা প্রধান জ্যাকব লারসেন বলেন, নিরাপত্তা নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত বড় শিপিং কোম্পানিগুলো এই রুট এড়িয়ে চলবে। ফলে অনেক জাহাজ এখন ইরান ও ওমান উপকূলের সংকীর্ণ পথ ব্যবহার করছে, যা ঝুঁকিপূর্ণ।

ট্র্যাকিং ডেটা অনুযায়ী, নিষেধাজ্ঞার তালিকাভুক্ত ইরানি ট্যাঙ্কার 'নিকি' সাম্প্রতিক পাঁচটি জাহাজের একটি। এটি গন্তব্য না দেখিয়েই প্রণালি অতিক্রম করেছে।

বিশ্বের তেল ও এলএনজির প্রায় এক-পঞ্চমাংশ এই হরমুজ প্রণালি দিয়ে যায়। জাহাজ চলাচল কমে যাওয়ায় বৈশ্বিক জ্বালানি সরবরাহে চাপ বাড়ছে।